দৈনিক ইনকিলাব

তারিখ 12 MAY 2013
পৃষ্ঠা ... কলাম ...

# বগুড়ায় মাদ্রাসা প্রধানদের সাথে ডিসি ও এসপির মতবিনিময়

মহসিন রাজু বগুড়া থেকে ঃ দেশের বর্তমান প্রেক্ষাপটে করণীয় এবং সরকারি দৃষ্টিভঙ্গি সম্পর্কে মাদ্রাসা প্রধানদের অবহিত করতে গতকাল বগুড়ার সকল মাদ্রাসা প্রধানদের নিয়ে জেলা প্রশাসক ও পুলিশ সুপার এবং অন্যান্য কর্মকর্তারা এক মতবিনিময় সভায় মিলিত হন। গতকাল বিকেলে বগুড়া জেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত এই মতবিনিময় সভায় জেলা প্রশাসক সফিকুর রেজা বিশ্বাস মাদ্রাসা প্রধানদের উদ্দেশ্যে বলেন, "তৃণমূল পর্যায়ে সামাজিক ব্যক্তিত্ব হিসেবে মাদ্রাসা প্রধানদের বিরাট সামাজিক দায়িত্ব রয়েছে। বর্তমানে একটি মহল সারা দেশে পরিকল্পিত ভাবে বিভিন্ন রকম গুজব ও অপপ্রচার রটনা করে অস্থিতিশীলতা সৃষ্টির জন্য মসজিদ মাদ্রাসা এবং এই অঙ্গনে কর্মরতদের সু-চতুর ভাবে ব্যবহার করছে। এর ফলে বগুড়াসহ দেশের বিভিন্ন স্থানে সহিংসতার মত গুরুতর ঘটনা ঘটেছে। ভবিষ্যতে যাতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি না হয় সেই জন্য তিনি মাদ্রাসা প্রধানদের বিশেষভাবে সজাগ ও সচেতন হওয়ার আহ্বান জানান। গুরুত্বপূর্ণ এই মতবিনিময় সভায় বগুড়ার তিন শতাধিক মাদ্রাসার সকল প্রধানই উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় বগুড়ার পুলিশ সুপার মোজাম্মেল হক পিপিএম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন) ফেরদৌস আলম, জেলা শিক্ষা অফিসার সামছুল আলম, বগুড়ার ১২ উপজেলার নির্বাহী অফিসারগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত মাদ্রাসা প্রধানদের মধ্যে বেশ কয়েক জন জানান, প্রশাসনের সাথে ঘন্টাকাল ব্যাপী মতবিনিময় সভাটি হৃদ্যতাপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। সভায় জেলা প্রশাসনের পক্ষ থেকে বর্তমান সরকারের দৃষ্টিভঙ্গি সম্পর্কে বিশেষভাবে অবহিত করে জানানো হয়, মসজিদ, মাদ্রাসাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানের প্রতি সরকারের দৃষ্টিভঙ্গি যথেষ্ট নমনীয়। এই নিয়ে ভুল বুঝাবুঝির কোন অবকাশ নেই।